

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.২৩.০২২.১৯- ১০৫২


তারিখ: ৩০/০৭/২০১৯খ্রি.

বিষয়: আগামী ১৫ আগস্ট ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন।

প্রতি বছরের ন্যায় এবারও আগামী ১৫ আগস্ট ২০১৯ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালন করা হবে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছেঃ

- ১) জাতীয় পতাকা অর্ধনমিত রাখা;
- ২) প্রত্যেকটি জেলা কার্যালয়ে মাসব্যাপী শোকের ব্যানার প্রধান ফটকে টানানো। ব্যানারের লিখাটি হবে নিম্নরূপঃ  
স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে  
জাতীয় শোক দিবস ২০১৯  
আমরা গভীরভাবে শোকাহত  
যুব উন্নয়ন অধিদপ্তর ..... কার্যালয় .....
- ৩) জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে কুরআন তিলাওয়াত, মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন;
- ৪) কর্মপ্রত্যাশী প্রশিক্ষিত যুবদের মাঝে প্রশিক্ষণের সনদপত্র ও ঋণ বিতরণ;
- ৫) রক্তদান কর্মসূচির ব্যবস্থাকরণ; (ঐচ্ছিক)
- ৬) ১৫ আগস্ট ২০১৯ জাতীয় শোক দিবসের কর্মসূচি এলাকার মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সংসদ সদস্য/উপজেলা পরিষদ চেয়ারম্যান/স্থানীয় প্রশাসনের কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সম্মুখে পালনের ব্যবস্থা নিতে হবে।

০২। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য এই অধিদপ্তরের আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, দিবসটি পালনের জন্য প্রতি জেলা (ঢাকা জেলা ব্যতীত) ও উপজেলায় (সদর ও ইউনিট থানা ব্যতীত) যথাক্রমে ৪০০০/- ও ২০০০/- টাকা দুতই বরাদ্দ প্রদান করা হবে। স্থানীয়ভাবে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে গৃহীত প্রতিটি কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(আ.ন. আহম্মদ আলী)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন : ৯৫৫০৮৬৩।


- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(সকল) জেলা।
- ০২। অধ্যক্ষ/ কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর,..... জেলা।
- ০৩। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর,..... জেলা।
- ০৪। উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা,..... উপজেলা..... জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.২৩.০২২.১৯- ১০৫২

তারিখ: ৩০/০৭/২০১৯খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, (সকল) ..... জেলা।
- ০২। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল) ,....., যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, যুব উন্নয়ন অধিদপ্তর, সাতার, ঢাকা।
- ০৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সহকারী পরিচালক (আইসিটি), প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি।

  
(মরিয়ম আক্তার)  
সহকারী পরিচালক (প্রশাসন)  
ফোনঃ ৯৫৬০৭৫৩।